



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেলা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং : ২১২/২০১৭

তারিখ : ২৯/১১/২০১৭ খ্রিঃ।

বিষয় : জনাবা দোলন রানী সাহা, সেরেস্টা সহকারী, সহকারী জজ আদালত, বদরগঞ্জ, রংপুর-কে নিজস্ব অর্থ ব্যয়ে পিতার সহিত ভারত গমনের অনুমতিসহ বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্র : সহকারী জজের কার্যালয়, বদরগঞ্জ, রংপুর এর গত ১৩/১১/২০১৭ খ্রিঃ তারিখের ৯২/২০১৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, আবেদনকারী জনাবা দোলন রানী সাহা, সেরেস্টা সহকারী, সহকারী জজ আদালত, বদরগঞ্জ, রংপুর এর ভারতে অবস্থিত ধর্মীয় ও ঐতিহাসিক স্থানসমূহ পরিদর্শনের জন্য ভারত গমনের অনুমতিসহ বহিঃ বাংলাদেশ ছুটির (অর্জিত ছুটি) আবেদনের প্রেক্ষিতে অর্জিত ছুটি প্রাপ্যতা বিষয়ে অত্রাদালতের হিসাবরক্ষকের প্রতিবেদনসহ প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম। হিসাবরক্ষকের প্রতিবেদন অনুযায়ী আবেদনকারী কর্মচারীর সর্বমোট ০৬ মাস ১৮ দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি পাওনা রহিয়াছে।

এমতাবস্থায়, হিসাবরক্ষকের প্রতিবেদনসহ প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে জনাবা দোলন রানী সাহা, সেরেস্টা সহকারী, সহকারী জজ আদালত, বদরগঞ্জ, রংপুর-কে ভারতে অবস্থিত ধর্মীয় ও ঐতিহাসিক স্থানসমূহ পরিদর্শনের জন্য নিজস্ব অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট কর্মচারীর আবেদন মোতাবেক তাহার পিতা রনজিত কুমার সাহা এর সহিত ভারত গমনের অনুমতিসহ আগামী ০২/১২/২০১৭ খ্রিঃ হইতে ৩১/১২/২০১৭ খ্রিঃ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন অথবা যাত্রার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন বহিঃ বাংলাদেশ ছুটি (পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি) মঞ্জুর করা হইল।

এই মর্মে তাহার চাকুরী খতিয়ান বহিতে প্রয়োজনীয় নোট লিপিবদ্ধ করার জন্য নির্দেশ দেওয়া গেল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(হুমায়ুন কবীর)
সিনিয়র জেলা জজ
রংপুর।

স্মারক নং : জেঃজঃরং- ৬০৩(৭)/২০১৭

তারিখ : ২৯/১১/২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর (অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের অনুরোধসহ)।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৩। সহকারী জজ, বদরগঞ্জ, রংপুর।
- ৪। ইমিগ্রেশন অফিসার, হিলি স্থল বন্দর, দিনাজপুর।
- ৫। জনাবা দোলন রানী সাহা, সেরেস্টা সহকারী, সহকারী জজ আদালত, বদরগঞ্জ, রংপুর।
- ৬। আদেশ বহিঃ/অফিস কপি।

(হুমায়ুন কবীর)
সিনিয়র জেলা জজ
রংপুর।
(হুমায়ুন কবীর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।